গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পানি সম্পদ মন্ত্রণালয়

উন্নয়ন-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর বার্ষিক মূল্যায়ন ও বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মিজানুর রহমান<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৫ আগস্ট ২০২২ খ্রি: |
| সভার সময় | বেলা ২.০০ ঘটিকায় |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ক কমিটির সদস্যগণ এবং আওতাধীন সংস্থাসমূহের এপিএ টিম লিডারসহ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ এর প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

০২। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বার্ষিক মূল্যায়ন পর্যালোচনায় দেখা যায় যে, কৌশলগত উদ্দেশ্য  পানি ব্যবস্থাপনা গ্রুপ/এসোসিয়েশন গঠন, সূচক এম.২.৩.১ এ লক্ষ্যমাত্রা অর্জন করতে পরেনি। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়ন সূচক ৩.১.১ এর লক্ষ্যমাত্রার ৯০% অর্জিত হয়েছে এবং উপকূলীয় বাঁধের ঢাল প্রতিরক্ষা সূচক ৪.২.২ এর লক্ষ্যমাত্র অনুযায়ী .০১ নম্বর কম হয়েছে। সে হিসেবে কৌশলগত উদ্দেশ্য সেকশনে মোট প্রাপ্ত নম্বর ৬৮.৭৯। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশলে প্রাপ্ত নম্বর ৮, ই-গর্ভনেন্স ও ইনোভেশন-এ প্রাপ্ত নম্বর ৯.২, অভিযোগ প্রতিকার ব্যবস্থায় প্রাপ্ত নম্বর ৩.৫২, তথ্য অধিকার-এ প্রাপ্ত নম্বর ২.৮৯ এবং সিটিজেন চার্টার এ প্রাপ্ত নম্বর ৩।

০৩।  বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের বার্ষিক মূল্যায়ন পর্যালোচনায় দেখা যায় যে, কর্মকর্তাগণ কর্তৃক হাওর অঞ্চলের বিভিন্ন জেলায় বন্যা নিয়ন্ত্রণ ও ফসল রক্ষা বাঁধের নির্মাণ/মেরামত কাজ পরিদর্শন প্রতিবেদন যথাযথভাবে প্রণয়ন করা হয়নি। যেমন ০৩-০৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখে অধিদপ্তরের পরিচালক (আইসিটি) জনাব মোহাম্মদ অলিউল্লাহ মিয়া এনডিসি এবং পরিচালক (কৃষি,পানি ও পরিবেশ) ড. আলী মুহম্মদ ওমর ফারুক বিগত ০৩-০৫ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখে নেত্রকোনা জেলায় খালিয়াজুরী, মোহনগঞ্জ, মদন, মিঠামইন, অষ্টগ্রাম, ইটনা ও ধর্মপাশা উপজেলায় মোট ৭৬টি বাঁধ পরিদর্শন করেন। অন্যদিকে বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক (প্রশাসন ও অর্থ ) জনাব নূরজাহান খানম ও সহকারী পরিচালক (পরিকল্পনা ও পরিবীক্ষণ) গাজী মিজানুর রহমান বিগত ১৬-১৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখ এবং পরিচালক (পরিকল্পনা ও আইসিটি) জনাব মো: খায়রুল আলম সুমন বিগত ০১-০৫ মার্চ ২০২২ তারিখ সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার বিভিন্ন উপজেলায় মোট ১২৬টি বাঁধ পরিদর্শনের প্রতিবেদন প্রেরণ করেন।  স্বল্পতম সময়ে ২ শতাধিক বাঁধ পরিদর্শন বাস্তব সম্মত নয়। প্রতিবেদনসমূহ স্বয়ংসম্পূর্ণ প্রতীয়মান হয়নি।  সুতরাং বাংলাদেশ হাওড় ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের এপিএ-তে উল্লেখিত বাঁধ পরিদর্শন সূচক নং ১.১.১-এ ১০০% এর পরিবর্তে ৮৫% নম্বর দেয়া সমীচীন হবে। সে হিসেবে কৌশলগত উদ্দেশ্য সেকশনে  মোট প্রাপ্ত নম্বর ৬৭। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশলে প্রাপ্ত নম্বর ৯.৭৫, ই-গর্ভনেন্স ও ইনোভেশন-এ প্রাপ্ত নম্বর ৯.৪, অভিযোগ প্রতিকার ব্যবস্থায় প্রাপ্ত নম্বর ৪, তথ্য অধিকার-এ প্রাপ্ত নম্বর ১.৯২ এবং সিটিজেন চার্টার এ প্রাপ্ত নম্বর ২.৮৫।

০৪। পানি সম্পদ পরিকল্পনা সংস্থার বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় যে, কৌশলগত উদ্দেশ্য সেকশনের সকল সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জিত হয়েছে। সে হিসেবে কৌশলগত উদ্দেশ্য সেকশনে মোট প্রাপ্ত নম্বর ৭০। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশলে প্রাপ্ত নম্বর ৯.৩৫, ই-গর্ভনেন্স ও ইনোভেশন-এ প্রাপ্ত নম্বর ৭, অভিযোগ প্রতিকার ব্যবস্থায় প্রাপ্ত নম্বর ৩.৪৪, তথ্য অধিকার-এ প্রাপ্ত নম্বর ২.৯৬ এবং সিটিজেন চার্টার এ প্রাপ্ত নম্বর ৩।

০৫। নদী গবেষণা ইনস্টিটিউটের বার্ষিক মূল্যায়ন পর্যালোচনা করে দেখা যায় যে, কৌশলগত উদ্দেশ্য রিপোর্ট/জার্নাল এবং সাময়িকী প্রকাশ সূচক নং ৩.১.১ এর লক্ষ্যমাত্রা অর্জন করতে পরেনি যার মান ১০। সে হিসেবে কৌশলগত উদ্দেশ্য সেকশনে মোট প্রাপ্ত নম্বর ৬০। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশলে প্রাপ্ত নম্বর ৮.২৫, ই-গর্ভনেন্স ও ইনোভেশন-এ প্রাপ্ত নম্বর ৭.১৬, অভিযোগ প্রতিকার ব্যবস্থায় প্রাপ্ত নম্বর ৩.১৩, তথ্য অধিকার-এ প্রাপ্ত নম্বর ২.২৯ এবং সিটিজেন চার্টারে প্রাপ্ত নম্বর ২.৪৬।

০৬। যৌথ নদী কমিশন, বাংলাদেশ এর বার্ষিক মূল্যায়ন পর্যালোচনায় দেখা যে, কৌশলগত উদ্দেশ্য সেকশনের সকল সূচকের লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জিত হয়েছে। সে হিসেবে কৌশলগত উদ্দেশ্য সেকশনে মোট প্রাপ্ত নম্বর ৭০। এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশলে প্রাপ্ত নম্বর ৮, ই-গর্ভনেন্স ও ইনোভেশন-এ প্রাপ্ত নম্বর ৭.৬, অভিযোগ প্রতিকার ব্যবস্থায় প্রাপ্ত নম্বর ৩.৮৪, তথ্য অধিকার-এ প্রাপ্ত নম্বর ২.৫৭ এবং সিটিজেন চার্টার এ প্রাপ্ত নম্বর ২.৫২।

০৭। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ বাস্তবায়নে শাখা ভিত্তিক দায়িত্ব নির্ধারন, প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্প সংশ্লিষ্ট সূচকগুলোর লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে আলোচনা করা এবং কার্যবিবরণীতে উল্লেখ করার বিষয়টি সভায় আলোচনা করা হয়। পাসম ও এর আওতাধীন সংস্থাসমূহকে ভবিষ্যতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে সচেষ্ট থাকার জন্য সভাপতি সদয় নির্দেশনা প্রদান করেন।

০৮। <u>বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ-</u>

<table>
<tr><th>ক্রমিক</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১</td><td>সকল প্রমানক যাচাই-বাচাই করে এবং অন্যান্য ০৫টি কর্মপরিকল্পনার প্রাপ্ত নম্বরসমূহ একত্র করে নিম্নোক্ত মূল্যায়ন প্রস্তুত করা হয়েছেঃ
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>সংস্থার নাম</th><th>সর্বমোট নম্বর</th></tr>
<tr><td>১.</td><td>পানি সম্পদ পরিকল্পনা সংস্থা</td><td>৯৫.৭৫</td></tr>
<tr><td>২.</td><td>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড</td><td>৯৫.৪০</td></tr>
<tr><td>৩.</td><td>বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর</td><td>৯৪.৯২</td></tr>
<tr><td>৪.</td><td>যৌথ নদী কমিশন, বাংলাদেশ</td><td>৯৪.৫৩</td></tr>
<tr><td>৫.</td><td>নদী গবেষণা ইনস্টিটিউট</td><td>৮৩.২৯</td></tr>
</table>
</td><td>পাসম</td></tr>
<tr><td>২</td><td>প্রজেক্ট স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্প সংশ্লিষ্ট সূচকগুলোর লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে আলোচনা করা এবং কার্যবিবরণীতে উল্লেখ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>পাসম এর সকল উন্নয়ন শাখা/অধিশাখা ও আওতাধীন সংস্থাসমূহ</td></tr>
<tr><td>৩</td><td>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ বাস্তবায়নে শাখা/কর্মকর্তা ভিত্তিক দায়িত্ব নির্ধারণ করতে হবে। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ এপিএ সংশ্লিষ্ট প্রমানকসমূহ নির্ধারিত সময়ের মধ্যে যথাযথাভাবে সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে প্রদান করবেন।</td><td>পাসম ও আওতাধীন সংস্থাসমূহ</td></tr>
<tr><td>৪</td><td>এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা কর্মকর্তাকে মন্ত্রণালয়ের অন্যান্য সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে প্রত্যেক কোয়ার্টারে সভা আহবান করতে হবে এবং এ মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থাসমূহ তাদের সংশ্লিষ্ট কর্মকর্তা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের নিয়ে সভা অনুষ্ঠান করে কার্যবিবরণী এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।</td><td>উন্নয়ন শাখা-২/ আওতাধীন সংস্থাসমূহ</td></tr>
</table>

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ৫ | ২০২২-২৩ অর্থবছরে এপিএতে কোন সংশোধনী থাকলে আগামী ১৫-০৯-২০২২ খ্রি: তারিখের মধ্যে হালনাগাদ প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | আওতাধীন সংস্থাসমূহ |
| ৬ | এপিএ-২০২১-২২ বছরের মূল্যয়ন প্রতিবেদন অনুযায়ী এপিএ'র সকল ত্রুটি-বিচ্যুতি এবং সম্ভাব্য নির্দেশনা উল্লেখপূর্বক প্রত্যেক সংস্থাকে সিনিয়র সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক স্বাক্ষরিত আধা-সরকারিপত্র প্রদান করতে হবে। | উন্নয়ন শাখা-২, পাসম |

০৯। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মিজানুর রহমান
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.৯৯.০৫৬.২২.২৫২

তারিখ: ৭ আশ্বিন ১৪২৯
২২ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক (ভারপ্রাপ্ত), নদী গবেষণা ইনস্টিটিউট
৫) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ
৬) যুগ্মসচিব, উন্নয়ন-১ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৭) উপসচিব, পরিকল্পনা-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) উপসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
৯) উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
১০) উপসচিব, পরিকল্পনা-৩ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১১) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৫ শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১৫) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১৬) সচিব, বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৭) পরিচালক, শৃঙ্খলা পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৮) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর), প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
১৯) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), প্রসেসিং পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২০) সচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা, পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
২১) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর দপ্তর-৩, যৌথ নদী কমিশন, বাংলাদেশ
২২) প্রকল্প পরিচালক (রুটিন দায়িত্ব), ব্যাম্বো ব্যান্ডেলিং এর মাধ্যমে বাংলাদেশের বিভিন্ন এলাকায় নদীর তীর ভাঙ্গন রোধ, ভূমি পুনরুদ্ধার ও

নাব্যতা বৃদ্ধি পাইলট প্রকল্প, নদী গবেষণা ইনস্টিটিউট

২৩) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিবেশ), পরিবেশ, বন ও মৎস্য শাখা , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

২৪) সহকারী সচিব, অডিট শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

২৫) অফিস কপি।

মোহা: শাজাহান আলি
সিনিয়র সহকারী সচিব